



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
শৃংখলা পরিদপ্তর

আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-০৩-পাউবো/শৃং/শা-৩/বিবিধ-০৬/২০১৯

তারিখঃ ২৮/০৯/১৪২৬ বঙ্গাব্দঃ  
১২/০১/২০২০ খ্রিঃ

**“দ গু রা দে শ”**

রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর এর আওতাধীন “রংপুর জেলার গঙ্গাচড়া ও রংপুর সদর উপজেলায় তিস্তা নদীর ডানতীর ভাঙ্গন হতে রক্ষা (প্রথম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের RAN/TRE-17 প্যাকেজের তৈরীকৃত ব্লক সমূহের গুণগত মান যাচাইয়ের জন্য নমুনা ব্লক বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েট ল্যাবের টারিতে টেষ্টের জন্য পাঠানো হলে গণনাকৃত ব্লক সমূহের মান অত্যন্ত খারাপ এবং স্পেশিফিকেশন বহির্ভূত হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী (১) জনাব মোঃ মেহেদী হাসান, নির্বাহী প্রকৌশলী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর, (২) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী, রংপুর পওর উপ-বিভাগ-২, বাপাউবো, রংপুর এবং (৩) জনাব মোঃ খায়রুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, রংপুর পওর উপ-বিভাগ-২, রংপুর পওর শাখা-২, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে অত্র দপ্তরের স্মারক নং-৬৬,৬৭,৬৮-পাউবো/শৃং/শা-৩/বিবিধ-০৬/২০১৯ তারিখঃ ০৮/০৭/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে উক্ত বিষয়ে তাদের ব্যাখ্যা তলব করা হয়। উক্ত ব্যাখ্যার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী উক্ত ৩ (তিন) জন কর্মকর্তার বিরুদ্ধে অত্র দপ্তরের স্মারক নং-১২২,১২৩,১২৪-পাউবো/শৃং/শা-৩/বিবিধ-০৬/২০১৯ তারিখঃ ১৭/১০/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তাদের দাপ্তরিক ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রাপ্তিস্বীকারসহ প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব মোঃ মাহবুবুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী, রংপুর পওর উপ-বিভাগ-২, বাপাউবো, রংপুর তার স্মারক নং পি-৯/৬৩০ তারিখঃ ০৭/১১/২০১৯খ্রিঃ এর মাধ্যমে জবাব দাখিল করেন। এছাড়া কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী স্পেশিফিকেশন বহির্ভূত বাতিল ব্লক সমূহের বিল পরিশোধ করা হয়েছে কি না তা জানানোর জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৫২-পাউবো/শৃং/শা-৩/বিবিধ-০৬/২০১৯ তারিখঃ ১২/১২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুরকে অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে তিনি তাঁর স্মারক নং-তিস্তা/১এ-১৫/১৫৯২ তারিখঃ ১৫/১২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে উল্লিখিত বিষয়ে প্রতিবেদন প্রেরণ করেন।

২। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর উক্ত প্রতিবেদন এবং জনাব মোঃ মাহবুবুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী, রংপুর পওর উপ-বিভাগ-২, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে কার্যধারা সূচনার প্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব পর্যালোচনায় তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করতঃ আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ মাহবুবুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী, রংপুর পওর উপ-বিভাগ-২, বাপাউবো, রংপুরকে ভবিষ্যতের জন্য সতর্ক করতঃ আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

*(Signature)*  
২২/০১/২০২০

(ফেরদৌসি বেগম)

পরিচালক

পরিচিতি নম্বর-৬৩১২৩০০০১

টেলিফোন নং-৯৫৫০৩৫৩

dir.discipline.bwdb@gmail.com


অঃপূঃ

স্মারক নং-০৩(১১)-পাউবো/শৃং/শা-৩/বিবিধ-০৬/২০১৯

তারিখঃ ২৮/০৯/১৪২৬ বঙ্গাব্দঃ  
১২/০১/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১, বাপাউবো, রংপুর।
৪. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর।
৮. জনাব মোঃ মাহবুব রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী, রংপুর পওর উপ-বিভাগ-২, বাপাউবো, রংপুর।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

  
(ফজলুল করিম)  
উপ-পরিচালক

পরিচিতি নং-৬৪০৩১১০০১  
টেলিফোন নং-৯৫৬৯৭৭৯